গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.hospitaldghs.gov.bd

স্মারক নং-স্বাঃঅধিঃ/হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেঃকঃহাঃ/কোভিড/রূপান্তর/ ৭৭৫ তারিখঃ ০৫-০৭-২০২০খ্রিঃ।

বিষয়ঃ কোভিড-১৯ রোগীদের চিকিৎসা সেবার সাথে সম্পৃক্ত হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং কলেজ এর চিকিৎসক, কর্মকর্তা, সেবিকা ও কর্মকর্তাদের জনুন, ২০২০ মাসের সম্মানী-ভাতাদি ও Operational Cost (Actual Basis), উৎসক বোনাস (ঈদ-উল-আযহা) এবং হোটেল সমূহে খাওয়া বাবদ অর্থ ছাড়করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা স্বাস্থ্য অধিদপ্তরের সাথে গত ০৭-০৫-২০২০ তারিখ MOU স্বাক্ষরের মাধ্যমে কোভিড হাসপাতাল হিসাবে চালুর সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক গত ১৭-০৫-২০২০ তারিখ হতে উক্ত হাসপাতালে কোভিড রোগী ভর্তি শুরু হয়। গত ১১-০৬-২০২০ তারিখে উক্ত হাসপাতালের কর্মকর্তা, কর্মচারী, চিকিৎসক ও নার্সদের **মে/২০২০** ইং মাসের বেতন ভাতাদি ও ইদুল ফিতরের উৎসব ভাতা মিলে সর্বমোট ৯,৭৫,১২,৭৭১/- (নয় কোটি পচাত্তর লক্ষ বারো হাজার সাতশত একাত্তর) টাকার একটি ব্যয় প্রস্তাবনা অনুমোদনের নিমিত্তে আপনার বরাবরে প্রেরণ করা হয়েছিল, যেখানে MOU তে Fastival Allowance এর কথা উল্লেখ ছিলনা বলে জানানো হয়।

একইভাবে MOU এর ৪.১.৩ অনুচ্ছেদের আলোকে হাসপাতালের কর্মকর্তা, কর্মচারী, চিকিৎসক ও নার্সদের **জুন/২০২০** মাসের বেতন ভাতাদি ও Operational Cost (Actual Basis) বাবদ ৭,৩৭,২৭,৫৮৩/- (সাত কোটি সাইত্রিশ লক্ষ সাতাশ হাজার পাঁচশত তিরাশি) টাকার বিল দাখিল করেন।

হোটেল সমূহে স্বাস্থ্য সেবা প্রদানকারীদের থাকা খাওয়া বাবদ মোট ৪,১২,৮৪,২০১/- (চার কোটি বারো লক্ষ চুরাশি হাজার দুইশত এক) টাকার বিল দাখিল করেন যাহার মধ্যে মে/২০২০ মাসের কোয়ারেন্টাইন এক্সপেন্স বাবদ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-৭৫৮, তারিখঃ ২৫-০৬-২০২০ মোতাবেক প্রেরিত ১,১৯,৩৭,৮০১/- (এক কোটি উনিশ লক্ষ সাইত্রিশ হাজার আটশত এক) টাকাও (১৯% ভ্যাট ট্যাক্স ব্যতীত) এর অন্তর্ভূক্ত। অর্থাৎ সর্বমোট ১১,৫০,১১,৭৮৪/- (এগারো কোটি পঞ্চাশ লক্ষ এগারো হাজার সাতশত চুরাশি) টাকার বিল দাখিল করেন। বিলের সাথে দাখিলকৃত সকল কর্মকর্তা, কর্মচারীদের রোস্টারে অন্তর্ভূক্ত করা হয়েছে মর্মে উল্লেখ করায় উক্ত দাবীর যৌক্তিকতা সঠিক মর্মে প্রতীয়মান হয়।

একইসাথে স্বাস্থ্য সেবা প্রদানকারীগণের ঈদুল আযহা/২০২০ এর বোনাস বাবদ আলাদাভাবে ৩,০৩,৫৩,১৫০/- (তিন কোটি তিন লক্ষ তেপ্পান্ন হাজার একশত পঞ্চাশ) টাকার দাবী করা হয়েছে। কিন্তু স্বাক্ষরিত MOU তে Fastival Allowance এর কথা আলাদাভাবে উল্লেখ নেই।

ইহা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন আছে।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।

৫/৭/২০২০
(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
Email:directorhospital@ld.dghs.gov.bd
ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

বিতরণঃ

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃঃআঃ যুগ্মসচিব (বাজেট)।

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ উপ-পরিচালক, সমন্বয়)
২। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অধ্যক্ষ/পরিচালক, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতাল, ইস্কাটন রোড, ঢাকা।

হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতাল
HOLY FAMILY RED CRESCENT MEDICAL COLLEGE HOSPITAL

১, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ, টেলিফোন ঃ ৪৮৩১১৭২১-৫
1, ESKATON GARDEN ROAD, DHAKA-1000, BANGLADESH, TELEPHONE : 48311721-5

স্মারক নং- হলি/প্রশাঃ/১০০৪/৩১৫/২০ ২১ জুন, ২০২০

বরাবর
মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী
ঢাকা-১২১২।

দৃষ্টি আকর্ষন ঃ পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

বিষয় ঃ কোভিড-১৯ রোগীদের চিকিৎসা সেবার সাথে সম্পৃক্ত হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং কলেজ এর চিকিৎসক, কর্মকর্তা, সেবিকা ও কর্মচারীদের জুন,২০২০ মাসের সম্মানী-ভাতাদি ও Operational Cost (Actual Basis), উৎসব বোনাস (ঈদ-উল-আযহা) এবং হোটেল সমূহে থাকা-খাওয়া বাবদ অর্থ ছাড়করণ প্রসঙ্গে ।

সূত্র ঃ ০৭/০৬/২০২০ তারিখে স্বাস্থ্য অধিদপ্তর ও হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতাল এর মধ্যে সম্পাদিত MOU

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচেছ যে , গত ০৭ মে, ২০২০ তারিখে হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতাল ও স্বাস্থ্য অধিদপ্তর এর মধ্যে সম্পাদিত MoU এর ৪.১.৩ ধারা অনুযায়ী হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতালের কোভিড-১৯ রোগীদের চিকিৎসা সেবা প্রদানে সম্পৃক্ত হাসপতালের চিকিৎসক, সেবিকা, কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সম্মানী-ভাতাদি ও মেডিকেল কলেজ ও নার্সিং কলেজের যে সমস্ত চিকিৎসক, কর্মকর্তা-কর্মচারী, সেবিকা উক্ত চিকিৎসা সেবা কার্যক্রমে ডিউটি রোষ্টারে সম্পৃক্ত থাকবেন, তাদেরও সম্মানী ও ভাতাদির পাশাপাশি MoU এর ৪.১.৫ ধারায় কোভিড-১৯ চিকিৎসা সেবায় সম্পৃক্ত চিকিৎসক, সেবিকা ও কর্মকর্তা-কর্মচারীদের হোটেলে থাকা-খাওয়াসহ পরিবহন ব্যয় পরিশোধ করা হবে-মর্মে উল্লেখ আছে।

এমতাবস্থায় MoU এর ৪.১.৩ ও ৪.১.৫ ধারা অনুযায়ী হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং কলেজ কর্মরতদের (সংযুক্ত বিবরণ অনুযায়ী) জুন,২০২০ মাসের সম্মানী-ভাতাদি ও Operational Cost (Actual Basis) বাবদ ৭,৩৭,২৭,৫৮৩/-(**সাত কোটি সাত্রিশ লক্ষ সাতাশ হাজার পাঁচশত তিরাশি**) টাকা মাত্র, উৎসব বোনাস (ঈদ-উল-আযহা) বাবদ ৩,০৩,৫৩,১৫০/- (**তিন কোটি তিন লক্ষ তিপ্পান্ন হাজার একশত পঞ্চাশ**) টাকা মাত্র এবং হোটেল সমূহে থাকা-খাওয়া ব্যয় বাবদ ৪,১২,৮৪,২০১/-(**চার কোটি বার লক্ষ চুরাশি হাজার দুইশত এক) টাকাসহ** সর্বমোট ১৪,৫৩,৬৪,৯৩৪/- (চৌদ্দ কোটি তিপ্পান্ন লক্ষ চৌষট্টি হাজার নয়শত চৌত্রিশ) টাকা মাত্র দাখিলকৃত অর্থ ছাড়করনের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ জানাচিছ।

সংযুক্ত ঃ বর্ননা মতে।
মাসিক সম্মানী-ভাতাদি ও Operational Cost (সংক্ষিপ্ত বিবরণঃ- পতাকা-"ক")
উৎসব বোনাস-ঈদ-উল-আযহা (সংক্ষিপ্ত বিবরণ ঃ-পতাকা-"খ)
হোটেল সমূহের মে-জুন,২০২০ থাকা-খাওয়ার ব্যয় বাবদ (সংক্ষিপ্ত বিবরণ ঃ-পতাকা-"গ")
ভর্তি সংক্রান্ত রোগীর বিবরণী (সংক্ষিপ্ত বিবরণ ঃ-পতাকা-"ঘ")
সম্পাদিত MOU এর কপি (পতাকা-"ঙ")

অধ্যাপক ডাঃ মোহাম্মদ মোর্শেদ, পিএইচডি
পরিচালক

অনুলিপিঃ- (সদয় অবগতির জন্য)
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। যুগ্ম সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপিঃ (অবগতির জন্য)
১। মহাসচিব, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি।
২। অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। পিএস.টু ভাইস চেয়ারম্যান, বিডিআরসিএস- মাননীয় ভাইস চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য।
৫। অফিস কপি।
৬। সংশ্লিষ্ট নথি।